

কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী

ডাকঘর+উপজেলাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী

নোটিশ

২০২০-২০২১ শিক্ষাবর্ষে (২০২২ সালের এইচ,এস,সি পরীক্ষার্থী) একাদশ শ্রেণিতে ভর

২০২০-২০২১ শিক্ষাবর্ষে (২০২২ সালের এইচ,এস,সি পরীক্ষার্থী) একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্টের মাধ্যমে পূর্ণবিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের অর্জিত শিখনফল আগামী ১৪.০৬.২০২১ ইং তারিখ থেকে মূল্যায়ন করা হবে। অ্যাসাইনমেন্টের প্রশ্ন নিম্নে সংযুক্ত করা হলো:-১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট: মানবিক(বাংলা+ পৌরনীতি ও সুশাসন) বিজ্ঞান (বাংলা+ পদার্থবিদ্যা), ব্যবসায় শিক্ষা(বাংলা+ হিসাববিজ্ঞান)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী।

ডাকঘর: কবিরহাট, উপজেলা: কবিরহাট, জেলা: নোয়াখালী।

টেলিফোন নং-০৩২৩২-৫৩১০১, মোবাইল নং-০১৭৪০৬১৮৫৫৮, ই-মেইল- Kabirhat_govt.college@gmail.com, ওয়েব সাইট নং www.kabirhatgc.juc.edu.bd



বিজ্ঞপ্তি :

তারিখ : ১৪.০৬.২০২১

এতদ্বারা কবিরহাট সরকারি কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে (২০২২ সালের এইচ,এস,সি পরীক্ষার্থী) একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্টের মাধ্যমে পূর্ণবিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের অর্জিত শিখনফল আগামী ১৪.০৬.২০২১ ইং তারিখ থেকে মূল্যায়ন করা হবে।

অভিভাবকগণের প্রতি পরামর্শ:

শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা;

শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মূল্যায়ন প্রক্রিয়া তাদের শিখন অর্জন যাচাই এবং কোন্ কোন্ ক্ষেত্রে তাদের ঘাটতি রয়েছে তা নিরূপণ করা। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা;

শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা;

শিক্ষার্থী যেন সময়মত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পন্ন করে এবং তা যেন নির্ধারিত সময়ে জমা দেয় তা নিশ্চিত করা;

নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে ছবছ লিখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে তাই শিক্ষার্থীদের নিজেদের মত করে লেখার প্রতি উৎসাহিত করা।

শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:

শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণির পাঠ গ্রহণের ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে। তাই এটি অনুসরণ করা জরুরি তা বিবেচনা করতে হবে;

অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত ও প্রকাশিত তাদের জন্য নির্ধারিত পাঠ্যপুস্তক ব্যবহার করলেই চলবে;


মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করে জমা দিতে হবে;

অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে। এতে হাতের লেখার যেমন অনুশীলন হবে তেমনি বিষয়টি বুঝতেও সুবিধা হবে;

অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে যে কোনো কাগজ ব্যবহার করলেই চলবে। অ্যাসাইনমেন্টের ১ম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, আইডি, বিষয় ও অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।

*** এ মূল্যায়ন প্রক্রিয়ার ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট আগামী ২১ জুন তারিখে জমা দিতে হবে। অ্যাসাইনমেন্টের টপ পেইজ নিম্নোক্ত ছক ব্যবহার করতে হবে। অ্যাসাইনমেন্টের প্রশ্ন নিম্নে সংযুক্ত করা হলো:- ১ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট: মানবিক(বাংলা+ পৌরনীতি ও সুশাসন) বিজ্ঞান (বাংলা+ পদার্থবিদ্যা), ব্যবসায় শিক্ষা(বাংলা+ হিসাববিজ্ঞান)।

*** মাক্ক ব্যতীত কলেজ ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ।


অধ্যক্ষ(তারপ্রাপ্ত)

কবিরহাট সরকারি কলেজ

কবিরহাট নোয়াখালী।

মোঃ সোলাইমান

অধ্যক্ষ (তারপ্রাপ্ত)

কবিরহাট সরকারি কলেজ,

কবিরহাট, নোয়াখালী।

facebook: Kabirhat Govt. College, Noakhali/ MmH Shaiful/ ওয়েবসাইট: kabirhatgovtcollege.edu.bd